

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.১৪

তারিখ: ৫ মাঘ ১৪২৮

১৯ জানুয়ারি ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং- ১০৩২/২০১৬ মামলার আদেশ ও শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পত্রাদেশের প্রেক্ষিতে যোগদানকৃত অধ্যক্ষের সরকারি ও কলেজ প্রদত্ত যাবতীয় বেতন-ভাতাদি এবং পরীক্ষার সম্মানী প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলার সরকারি মাহ্‌তাব উদ্দিন ডিগ্রি কলেজের অধ্যক্ষ জনাব ড. মোঃ মাহবুবুর রহমান এর আবেদনে দেখা যায় যে, গত ৩১.০১.২০০৮ ইং তারিখে অত্র কলেজে অধ্যক্ষ হিসেবে যোগদান পূর্বক বিগত ০১.০৯.২০১৪ ইং তারিখ পরিচালনা পর্ষদ এর অনুমোদিত ছুটি গ্রহণ করে পবিত্র হজ্জ পালনের উদ্দেশ্যে মক্কা শরীফে অবস্থানকালীন সময় তাকে সাময়িক বরখাস্ত করা হয়। বরখাস্ত কালীন সময় পরিচালনা পরিষদ এবং সাবেক সভাপতি এর বিরুদ্ধে তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-১০৩২/২০১৬ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগে এ মামলার ১১.০২.২০১৯ তারিখে রায় প্রদান করেন। যা নিম্নরূপ;

The Rule is made absolute. The impugned letter being memo No.০৭(খু-১৮৩)জাতীঃ বিঃ/কঃপঃ/কোডঃ-০৬০৮ তারিখ ০৫.০১.২০১৬ signed by the Inspector of College, (In Charge), National University, Gazipur (the respondent No.4) rescinding the suspension order of respondent No.6 (Annexure-J) is declared to be without lawful authority. The University Authority is directed to dispose of the matter of approval as sought by the college authority vide its letter dated 20.0.2016 as regards dismissal of the respondent No.6 within a period of 60 (sixty) days from receipt of the copy this order. In disposing of such approval issue, the university authority will be at liberty to consider all relevant facts including the papers to be submitted by the parties and shall pass necessary order either by granting approval order rejecting such approval after hearing the parties. In case of rejection of such approval, the College authority shall be bound to restore the service of the respondent No.6 with all arear benefits.

মহামান্য আদালতের রীট পিটিশন নং-১০৩২/২০১৬ এর আদেশ বলে দীর্ঘদিন আইনি প্রক্রিয়ার পর জাতীয় বিশ্ববিদ্যালয়, শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পত্রাদেশের প্রেক্ষিতে অধ্যক্ষ বিগত ০৮.০৮.২০১৯ ইং তারিখে কলেজে যোগদান করেন। বিগত ০৯.১২.২০২১ ইং তারিখে উপজেলা নির্বাহী কর্মকর্তার উপস্থিতিতে আনুষ্ঠানিক দায়িত্ব হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন করে চলতি অর্থ বছরের জুলাই-নভেম্বর মাসের অধ্যক্ষসহ সকল শিক্ষক-কর্মচারীর বকেয়া বেতন-ভাতাদি রুপালী ব্যাংক, ঝিনাইদহ জেলার, কালিগঞ্জ শাখা থেকে যথারীতি উত্তোলন করেন।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-১০৩২/২০১৬ মামলা রায়ের প্রেক্ষিতে ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলার সরকারি মাহ্‌তাব উদ্দিন ডিগ্রি কলেজের অধ্যক্ষ ড. মোঃ মাহবুবুর রহমান এর যাবতীয় বকেয়া বেতন-ভাতাদি এবং পরীক্ষার সম্মানী প্রদানের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বেসরিকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) শিক্ষক-কর্মচারীগণের এমপিও প্রদান সংক্রান্ত গঠিত চূড়ান্ত কমিটির পরবর্তী সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৯-১-২০২২

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ৪১০৫০৯৯৭

ইমেইল: law.section2@shed.gov.bd

মহাপরিচালক (রুটিন দায়িত্ব)

মহাপরিচালকের দপ্তর

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.১৪/১(৬)

তারিখ: ৫ মাঘ ১৪২৮

১৯ জানুয়ারি ২০২২

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৯-১-২০২২

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব